

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
(ক্রীড়া-২ শাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

নং-৩৪.০০.০০০০.০৮০.৪০.০০১.১৯-১৬৩

তারিখঃ ৩০ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ  
১৪ আগস্ট, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) ২০১৯ (কিশোর ও কিশোরী)' উপজেলা পর্যায়ে আয়োজন।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এ বছর দেশব্যাপী 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) ২০১৯ (কিশোর ও কিশোরী)' আয়োজন করতে যাচ্ছে।

২। পূর্ববর্তী বছরের ন্যায় কিশোরদের জন্য প্রাথমিক পর্যায়ে উপজেলা সদরে আন্তঃইউনিয়ন টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। পরবর্তী পর্যায়ে উপজেলার সেরা খেলোয়াড়দের নিয়ে গঠিত উপজেলা দল জেলায়, অনুরূপভাবে জেলার দল বিভাগে এবং বিভাগের দল জাতীয় পর্যায়ে খেলায় অংশগ্রহণ করবে।

৩। কিশোরীদের জন্য এ বছর উপজেলার সেরা কিশোরীদের নিয়ে গঠিত উপজেলা দলের মধ্যে জেলা সদরে আন্তঃউপজেলা টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। পরবর্তী পর্যায়ে জেলার সেরা খেলোয়াড়দের নিয়ে গঠিত জেলা দল বিভাগে এবং অনুরূপভাবে বিভাগের দল জাতীয় পর্যায়ে খেলায় অংশগ্রহণ করবে।

৪। টুর্নামেন্টটি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য একটি টুর্নামেন্ট নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনারগণ স্ব স্ব ক্ষেত্রে কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন।

৫। বর্ণিতাবস্থায়, আগামী ০১ সেপ্টেম্বর ২০১৯ তারিখ থেকে সারাদেশে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) ২০১৯ (কিশোর ও কিশোরী)' আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। খেলা পরিচালনার জন্য বাজেট বরাদ্দ দ্রুত প্রেরণ করা হবে।

  
২৪/৮/২০১৯  
মোরশেদা আখতার  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৭৪৪২৯।

বিতরণ:

- ১। বিভাগীয় কমিশনার, (ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, রংপুর, বরিশাল, খুলনা, ময়মনসিংহ)।
- ২। জেলা প্রশাসক (সকল)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, বাংলাদেশ, ঢাকা(জেলা ক্রীড়া অফিসারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ২। পুলিশ সুপার (সকল)।
- ৩। সিভিল সার্জন (সকল)।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ৬। প্রোগ্রামার, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।